সমকাল

তারিখ 19 NOV 2017
পৃষ্ঠা ৫ কলাম 2

# কুয়েটে নবম জাতীয় গণিত অলিম্পিয়াড

■ খুলনা ব্যুরো

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) অনুষ্ঠিত হলো নবম জাতীয় গণিত অলিম্পিয়াড। শনিবার সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্টস ওয়েলফেয়ার সেন্টারে অলিম্পিয়াডের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ আলমগীর।

বাংলাদেশ গণিত সমিতি ও বাংলাদেশ জাতীয় স্নাতক গণিত অলিম্পিয়াড কমিটির সহযোগিতায় দিনব্যাপী এ অনুষ্ঠান চলে। অলিম্পিয়াডে খুলনা অঞ্চলের ১১টি কলেজ ও বিশ্ববিদ্যালয়ের মোট ৯০ জন প্রতিযোগী অংশগ্রহণ করেন। এর মধ্যে ১০ জন বিজয়ী হন। খুলনাসহ দেশের ছয়টি আঞ্চলিক প্রতিযোগিতায় বিজয়ীরা জাতীয় স্নাতক গণিত অলিম্পিয়াডে অংশ নেবেন।

গণিত বিভাগের বিভাগীয় প্রধান ও আঞ্চলিক অলিম্পিয়াড কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মো. আলহাজ উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. খন্দকার মাহবুব হাসান, জাতীয় স্নাতক গণিত অলিম্পিয়াড কমিটির সদস্য সচিব অধ্যাপক ড. মো. মনিরুল আলম সরকার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. তাজুল ইসলাম ও ই-ম্যাথ গবেষণা ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক কাজী মো. খাইরুল বাশার।